

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-জনসংযোগ/


তারিখ : ০৫/৪/২০১৬

বিষয় : দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা পরিচয়ে অবৈধ আর্থিক সুবিধা গ্রহণের প্রচেষ্টা।

দুর্নীতি দমন কমিশন বিভিন্ন সূত্র হতে অবহিত হয়েছে যে, একাধিক সংঘবদ্ধ প্রতারক চক্র দুর্নীতি দমন কমিশন (দুদক) এর কর্মকর্তা পরিচয় দিয়ে মোবাইল ফোনে অথবা টেলিফোনের মাধ্যমে কাল্পনিক অভিযোগ অথবা কমিশনের বিবেচনাধীন অভিযোগ থেকে অব্যাহতি প্রদানের আশ্বাস ও নানা প্রকার ভয়-ভীতি প্রদর্শন করে সরকারি চাকুরিজীবী / ব্যবসায়ী / বেসরকারি ব্যক্তিবর্গের নিকট থেকে অবৈধ আর্থিক সুবিধা দাবী করে। কেউ কেউ তাদের প্রতারণার ফাঁদে পড়ে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন বা হয়েছেন। তবে দৃঢ়চিত্ত কেউ কেউ বিষয়টি কমিশনের নজরে এনেছেন। সম্প্রতি কমিশনের পরিচালক মিত্যা পরিচয়দানকারী এক প্রতারককে গ্রেফতার করা হয়েছে এবং তাঁর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে। ইতোপূর্বেও এ ধরনের প্রতারক চক্রের একাধিক সদস্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক গ্রেফতার হয় এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। অতি সম্প্রতি এ জাতীয় প্রতারক চক্রের সদস্যরা আবারও সক্রিয় হয়ে উঠেছে বলে জানা যাচ্ছে। হুজুভাগী দু'একজন বিষয়টি কমিশনকে অবহিত করেছেন।

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা, কারো একক অভিপ্রায় অনুযায়ী দুদকের তফসিলভুক্ত কোন অপরাধের বিষয়ে অনুসন্ধান শুরু, মামলা রুজু, তদন্ত পরিচালনা এবং অভিযোগ বা মামলা থেকে অব্যাহতি প্রদানের সুযোগ নেই। দুদক-এ কোন অভিযোগ অনুসন্ধানের জন্য গৃহীত হলে সংশ্লিষ্ট অনুসন্ধানকারী কর্মকর্তা তা লিখিতভাবে অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করে থাকেন। দুর্নীতি দমন কমিশন অভিযোগ সংশ্লিষ্ট ব্যক্তিদের সাথে কমিশনের অনুসন্ধানকারী ও তদন্তকারী কর্মকর্তাদের টেলিফোন বা মোবাইল ফোনে অনুসন্ধান ও তদন্ত বিষয়ে যোগাযোগ নিষিদ্ধ করেছে। এক্ষেত্রে সকল প্রকার যোগাযোগ লিখিতভাবে করার নির্দেশনা দেয়া হয়েছে।

এমতাবস্থায়, কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ দুদকের উর্ধ্বতন কর্তৃপক্ষ/ কর্মকর্তা/কর্মচারী পরিচয় দিয়ে যে কোনো আর্থিক বা অন্য কোনো সুবিধা দাবী করলে দুদকের প্রধান কার্যালয়ের পরিচালক (পর্যবেক্ষণ ও মূল্যায়ন) মীর মোঃ জয়নুল আবেদীন শিবলী (টেলিফোন নম্বর-৯৩৫২৫৫২, মোবাইল-০১৭১১৬৪৪৬৭৫) এর সাথে এ বিষয়ে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। এছাড়া অবৈধ আর্থিক সুবিধা চাওয়ার সাথে সাথেই সংশ্লিষ্ট ব্যক্তিকে গ্রেফতারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নিকটস্থ থানায় যোগাযোগ করার জন্যও অনুরোধ জানানো হলো। অবৈধ আর্থিক লেনদেন শাস্তিযোগ্য অপরাধ। এ জাতীয় প্রতারক চক্রের সদস্যদের আইনের আওতায় আনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কমিশন কামনা করে।


০৫.০৪.১৬
(প্রব. কুমার ভট্টাচার্য)

উপপরিচালক

৩

জনসংযোগ কর্মকর্তা